

🏠 / সারাদেশ

📍 কোনাবাড়ী (গাজীপুর) প্রতিনিধি
প্রকাশ : ২৬ অক্টোবর ২০২৬, ০৯:২৮
পিএম
আপডেট : ২৬ অক্টোবর ২০২৬,
০৯:৪০ পিএম
🔒 অনলাইন সংস্করণ

📌 এ সম্পর্কিত আরও খবর

গাইবান্ধায় বিএনপি
নেতার সুপারিশে ছাত্রের
ডিলারশিপ পাওয়ার
অভিযোগ



গাজীপুরে বুট গোড়াউনে
আত্মন



গাজীপুরে মাদ্রাসাছাত্রী
অপহরণের অভিযোগে ৫
জনকে আসামি করে
মামলা



বাবাকে পিটিয়ে হত্যার
অভিযোগে হেলের বিরুদ্ধে

গাজীপুরে কালবেলার সাংবাদিককে অপহরণ ও নির্যাতনের অভিযোগ



হাসপাতালে সাংবাদিক মহিউদ্দিন রিপনের শারীরিক অবস্থার খোঁজ নিতে আসেন গাজীপুর মোট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার শফিকুল ইসলাম। ছবি: কালবেলা

গাজীপুরের টঙ্গীতে দৈনিক কালবেলার গাজীপুর জেলা প্রতিনিধি মহিউদ্দিন রিপনকে দিন-দুপুরে অপহরণ করে নির্যাতন চালানোর অভিযোগ উঠেছে। এ সময় তার কাছে এক কোটি টাকা চাঁদা দাবি করা হয় এবং মাদক, ছিনতাই ও সন্ত্রাসবিরোধী সংবাদ প্রকাশ না করার হুমকি দিয়ে জোরপূর্বক আপত্তিকর ভিডিও ধারণ করা হয়।

সোমবার (২৬ অক্টোবর) দুপুর ২টার দিকে টঙ্গী বাজারের সেনাকল্যাণ শপিং কমপ্লেক্স-সংলগ্ন হোন্ডা রোডের সামনে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী সাংবাদিক মহিউদ্দিন রিপন বলেন, সোমবার দুপুরে পেশাগত সংবাদ সংগ্রহের কাজে টঙ্গী সেনাকল্যাণ শপিং কমপ্লেক্সের সামনে আমি আসি। সেখানে শাহ সিমেন্টের জেনারেল ম্যানেজার আসিফ মাহমুদের সঙ্গে কথা বলে তাকে সঙ্গে নিয়ে গাজীপুরে সিটি করপোরেশনের দিকে রওনা দিই। ঠিক তখনই একদল অজ্ঞাত দুর্বৃত্তরা আমাকে ঘিরে ধরে। এরপর মোটরসাইকেলসহ আমার হাত, চোখ ও মুখ বেঁধে একটি অজ্ঞাত স্থানে নিয়ে যায়।



মাছ ধরা নিয়ে বিরোধে চাচাতো ভাইয়ের হামলায় ভাই নিহত

তিনি আরও বলেন, সেখানে নিয়ে আমাকে প্রাণনাশের ভয় দেখিয়ে এক কোটি টাকা চাঁদা দাবি করা হয়। পরে দেশীয় অস্ত্র দিয়ে শরীরের বিভিন্ন স্থানে বেধড়ক মারধর করা হয়। এছাড়া মাদকবিরোধী কোনো সংবাদ বা সামাজিক যোগাযোগমাধ্যমে কোনো ধরনের লাইভ সম্প্রচার না করার জন্য কঠোর হুমকি দেওয়া হয়।

সাংবাদিক মহিউদ্দিন রিপন আরও জানান, দুর্বৃত্তদের অজ্ঞাত স্থানে এক নারীর সঙ্গে জোরপূর্বক আপত্তিকর অবস্থায় ভিডিও ধারণ করে। পরবর্তীতে ওই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে হাজার হাজার বস্ত্রি এলাকার মাদক ব্যবসা, ছিনতাই ও সন্ত্রাসী কর্মকাণ্ড নিয়ে সংবাদ প্রকাশ বা ফেসবুক লাইভ থেকে বিরত থাকতে বলে দুর্বৃত্তরা। যদি এরপরেও টঙ্গীর হাজার হাজার বস্ত্রি এবং মাদকবিরোধী সংবাদ প্রচার করে তবে তার পরিবারসহ মেরে ফেলার হুমকি দেওয়া হয়।

তিনি আরও জানান, তার নিকট থাকা দুই লাখ টাকা, মোটরসাইকেলের হেলমেট এবং কালবেলার পরিচয়পত্র ছিনিয়ে নিয়েছে দুর্বৃত্তরা। প্রায় সাড়ে তিন ঘণ্টা ধরে চলা এই অমানবিক নির্যাতনের একপর্যায়ে তিনি জ্ঞান হারিয়ে ফেলেলে দুর্বৃত্তরা তাকে রাষ্ট্রীয় ফেলে পালিয়ে যায়।

পরবর্তীতে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য টঙ্গী শহীদ আহসান উল্লাহ মাস্টার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সেখানে তিনি চিকিৎসাধীন রয়েছেন।

ঘটনার প্রত্যক্ষদর্শী শাহ সিমেন্টের জেনারেল ম্যানেজার আসিফ মাহমুদ বলেন, তিনি আমার সঙ্গে অবস্থানকালেই একদল অপরিচিত লোক জোরপূর্বক তাকে তুলে নিয়ে যায়। এরপর থেকে তার মোবাইল বন্ধ পাওয়া যায়। দুর্বৃত্তরা আমাকেও এ বিষয়ে চুপ থাকার হুমকি দিয়েছে।

এ বিষয়ে টঙ্গী পশ্চিম থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ আরিফুর রহমান বলেন, ঘটনাটি আমরা শুনেছি। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে এবং পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অপরাধীদের গ্রেপ্তারে আইনগত পদক্ষেপ নেওয়া হচ্ছে।

গাজীপুর মোট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার এসএম শফিকুল ইসলাম (অপরাধ বিভাগ, উত্তর) হাসপাতালে সাংবাদিক মহিউদ্দিন রিপনের শারীরিক অবস্থার খোঁজ নিতে এসে জানান, একজন গণমাধ্যমকর্মীর ওপর এমন হামলার নিরাম জ্ঞানসি... একইভাবে অপরাধীদের শাস্ত করে আইনের আওতায় আনার জন্য পুলিশ কাজ করছে।

সর্বশেষ জনপ্রিয়

- ১ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সব কার্যালয় খুপানমুক্ত ঘোষণা
- ২ বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে নার্স
- ৩ নিপ্লন ও সাসাকাওয়া পিস ফাউন্ডেশনের নৈশভোজে প্রধানমন্ত্রী
- ৪ ময়মনসিংহে বাস-লেগুনা সংঘর্ষে হতাহত ৩১

সর্বশেষ সব খবর



সিরাজগঞ্জ প্রতিদিনিধি ও কালবেলা

প্রতিবেদক

প্রকাশ : ২৬ অক্টোবর ২০২৬, ০৯:০১ পিএম


আপডেট : ২৬ অক্টোবর ২০২৬, ০৯:০৬ পিএম

অনলাইন সংস্করণ

এ সম্পর্কিত আরও খবর

এসএসসি পাসেই যুব উন্নয়ন অধিদপ্তরে মিলবে চাকরি

প্রশ্নফাঁসের শাস্তি, সিরাজগঞ্জ থেকে ঢাকায় বদলি!



সম্প্রতি সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা পদে নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসচক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে সিরাজগঞ্জ জেলা খাদ্য নিয়ন্ত্রক হারুন অর রশিদকে বদলি করা হয়েছে। রোববার (২৫ অক্টোবর) তাকে বদলি করে খাদ্য অধিদপ্তরে সংযুক্ত করা হয়েছে।

সোমবার (২৬ অক্টোবর) দুপুরে রাজশাহী বিভাগীয় আঞ্চলিক খাদ্য কর্মকর্তা এস এম কায়ছার আলী বদলির বিষয়টি নিশ্চিত করেছেন। এ সংক্রান্ত উপসচিব মো. মাহাবুর রহমান শেখ স্বাক্ষরিত একটি চিঠি এসেছে কালবেলার হাতে।

চিঠিতে বলা হয়েছে, বদলি কর্মকর্তাকে ২৬ অক্টোবরের মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হয়ে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ২৭ অক্টোবর থেকে স্ট্যান্ড রিলিজ বলে গণ্য হবেন।

সর্বশেষ জনপ্রিয়

১

সেপ্টেম্বরের আশ্বাসেও সিদ্ধান্ত নেই, ঢাবির ট্রাইব্যুনাল নিয়ে প্রশ্ন

২

সেই বই থেকে দাঁড়িপাল্লা বাদ, সংশোধিত পৃষ্ঠা চূড়ান্ত

৩

কিশোর গ্যাংবিরোধী অভিযানে চট্টগ্রাম রেঞ্জে আটক ৫৭০

৪

ইরানি জাতিই মার্কিন 'মাদার অব অল বোম্বসের' পিতা: আলিরেজা

সর্বশেষ সব খবর

